



## বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

প্রধান কার্যালয়

ঢাকা।

[erecruitment.bb.org.bd](http://erecruitment.bb.org.bd)



বিজ্ঞপ্তি নং : ১৪/২০২২

তারিখ : ২৫ ফাল্গুন, ১৪২৮  
১০ মার্চ, ২০২২

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ এ 'সহকারী ব্যবস্থাপক (জেনারেল)' পদে  
নিয়োগের উদ্দেশ্যে অনুরোধে লিখিত পরীক্ষার আসন বিন্যাস ও সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ এ ৯ম গ্রেডের ১১ ক্যাটাগরির পদে নিয়োগের লক্ষ্যে প্রকাশিত বিজ্ঞপ্তি  
নং-৬১/২০১৯, তারিখ-২২/১২/২০১৯ এর সূত্রে 'সহকারী ব্যবস্থাপক (জেনারেল)' পদে গত ২৬/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত MCQ  
Test-এ উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ২৫/০৩/২০২২ তারিখ শুক্রবার বিকাল ০৩:০০টা হতে ০৫:০০ টা পর্যন্ত নিম্নোক্ত  
দুইটি কেন্দ্রে অনুষ্ঠিত হবে :

ক্র. নং	পরীক্ষার কেন্দ্র	ঠিকানা	রোল নম্বর	আসন সংখ্যা
০১	সেন্ট্রাল উইমেন্স কলেজ	১৩/২, অভয় দাস লেন, টিকাটুলি, ঢাকা-১২০৩	১০০০০৭ থেকে ১৫১১৬২	২৫৫২
০২	লালমাটিয়া উচ্চ বালিকা বিদ্যালয়	৯/১৫, ব্লক-ডি, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।	১৫১২০৪ থেকে ১৮১৩৮৮	১৫০০
মোট =				৪,০৫২

২. প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।
৩. পরীক্ষার কেন্দ্রে কোনো কাগজ, বই, মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্টওয়াচ, সব ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস, ক্রেডিট ও ডেবিট কার্ড, ক্রেডিট ও ডেবিট কার্ড সদৃশ কোনো ডিভাইস, গহনা, ব্রেসলেট, মানিব্যাগ/ওয়ালেট ও ব্যাগ আনা সম্পূর্ণ নিষিদ্ধ।
৪. প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০১(এক) ঘন্টা পূর্বে প্রার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষা শুরু হওয়ার পর কোনো অবস্থাতেই কোনো প্রার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।
৫. পরীক্ষার সময় প্রার্থীরা কানের ওপর কোনো আবরণ রাখতে পারবেন না, উভয় কান দৃশ্যমান রাখতে হবে।
৬. পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৭. প্রার্থীদেরকে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। মাস্ক পরিধান ব্যতিরেকে কোনো প্রার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।

স্বাক্ষরিত/-  
(মোঃ গোলাম মোস্তফা)  
মহাব্যবস্থাপক